গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃঙ্খলা অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.০০.০০০০.১২২.২৭.১২৪.১৯-৭৮৪ তারিখঃ ০৮ পৌষ ১৪২৬ / ২২.১২.২০১৯

## আদেশ

যেহেতু, ডা: মোঃ ইমরোজ উদ্দীন (১১৩৬৪৪), জুনিয়র কনসালটেন্ট (চঃদাঃ), অর্থোপেডিক সার্জারী, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সোনাইমুড়ি, নোয়াখালী গত ০৫/০৩/২০১৯ তারিখ হতে অদ্যাবধি কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন বিধায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (গ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর দায়ে ২৭.১০.২০১৯ তারিখে ৪৫.০০.০০০০.১২২.২৭.১২৪.১৯-৫৯৩ নম্বর স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিস জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিসের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করেন;

যেহেতু, গত ০১.১২.২০১৯ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

সেহেতু, ডা: মোঃ ইমরোজ উদ্দীন (১১৩৬৪৪), জুনিয়র কনসালটেন্ট (চঃদাঃ), অর্থোপেডিক সার্জারী, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সোনাইমুড়ি, নোয়াখালী এর বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে তার লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানী সন্তোষজনক হওয়ায় তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর দায় হতে অব্যাহতি প্রদান করা হলো। তাকে এ বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(শেখ মুজিবর রহমান)
অতিরিক্ত সচিব
(অভ্যন্তরীন প্রশাসন ও শৃঙ্খলা অনুবিভাগ)

নং- ৪৫.০০.০০০০.১২২.২৭.১২৪.১৯-৭৮৪/১(১২) তারিখঃ ২২.১২.২০১৯

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩। উপসচিব (পার-১/২/৩ অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৪। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৫। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর,তেজগাঁও, ঢাকা।
৬। সিভিল সার্জন, নোয়াখালী।
৭। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সোনাইমুড়ী, নোয়াখালী।
৮। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, সোনাইমুড়ী, নোয়াখালী।
৯। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
১০। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১১। ডা: মোঃ ইমরোজ উদ্দীন (১১৩৬৪৪), জুনিয়র কনসালটেন্ট (চঃ দাঃ), অর্থোপেডিক সার্জারী, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সোনাইমুড়ি, নোয়াখালী।
১২। অফিস কপি।

মোঃ আবদুছ সালাম
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
disc@hsd.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃঙ্খলা অধিশাখা
www.hsd.gov.bd

নং-৪৫.০০.০০০০.১২২.০২৭.০৬৭.১৯-৭৮৫ তারিখঃ ০৮ পৌষ ১৪২৬
২২.১২.২০১৯

## আদেশ

যেহেতু, ডা: সুমন কুমার বালা (১০১৬০৪১), মেডিকেল অফিসার, সিভিল সার্জন অফিস, পটুয়াখালী গত ০৩/১২/২০১৮ হতে ২৭/০৫/২০১৯ তারিখ পর্যন্ত মোট ৫ মাস ২৪ দিন অননুমোদিতভাবে অনুপস্থিত ছিলেন বিধায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও (গ) মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর দায়ে ০৫/০৮/২০১৯ তারিখের ৪৫.০০.০০০০.১২২.০২৭.০৬৭.১৯-৪৪৪ সংখ্যক স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিস জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিসের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির প্রার্থনা করেন;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ডা: সুমন কুমার বালা (১০১৬০৪১) ব্যক্তিগত শুনানিতে সন্তোষজনক জবাব প্রদানে ব্যর্থ হয়েছেন এবং তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে এবং এ জন্য তিনি দন্ড পাওয়ার যোগ্য;

সেহেতু, ডা: সুমন কুমার বালা (১০১৬০৪১), মেডিকেল অফিসার, সিভিল সার্জন অফিস, পটুয়াখালী এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব বিবেচনায় উক্ত বিধিমালার ৪(২)(খ) বিধি অনুযায়ী তার বার্ষিক বেতন বৃদ্ধি আগামী ০১(এক) বছরের জন্য স্থগিত করার লঘুদন্ড আরোপ করা হলো। তিনি ভবিষ্যতে এ বিষয়ে কোন বকেয়া সুবিধাদি দাবি করতে পারবেন না। তাকে এ বিভাগীয় মামলা থেকে অব্যাহতি দেয়া হল।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(শেখ মুজিবর রহমান)
অতিরিক্ত সচিব
(অভ্যন্তরীণ প্রশাসন ও শৃঙ্খলা)
তারিখঃ ২২.১২.২০১৯

নং-৪৫.০০.০০০০.১২২.০২৭.০৬৭.১৯-৭৮৫/১(১২)
অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩। উপসচিব (পার-১/২/৩ অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৪। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৫। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর,তেজগাঁও, ঢাকা।
৬। সিভিল সার্জন, পটুয়াখালী।
৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৮। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, পটুয়াখালী।
৯। সিস্টেম এনালিষ্ট,স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
১০। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১১। ডা: সুমন কুমার বালা (১০১৬০৪১), মেডিকেল অফিসার, সিভিল সার্জন অফিস, পটুয়াখালী।
১২। অফিসকপি।

২২.১২.১৯
মোঃ আবদুছ সালাম
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
disc@hsd.gov.bd